# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৭৭৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - সালাতে সুতরাহ্ (সুতরা)

بَابُ السُّتْرَةِ

---

### আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي مِنَ اللَّيْلِ وَأَنَا مُعْتَرِضَةٌ بَيْنَهُ وَبَيْنَ الْقِبْلَةِ كَاعْتِرَاضِ الْجَنَازَةِ

### বাংলা

৭৭৯-[৮] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন। আমি তাঁর ও ক্বিবলা (কিবলা/কেবলা)র মাঝখানে শুয়ে থাকতাম আড়াআড়িভাবে লাশ পড়ে থাকার মতো। (বুখারী ও মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫১৫, মুসলিম ৫১২, ইবনু মাজাহ্ ৯৫৬, আহমাদ ২৪০৮৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (كَاعْتِرَاضِ) অর্থাৎ ঐ জিনিসকে বলা হয় যা দু’ বস্তুর মধ্যে আড়াল সৃষ্টি করে। এখানে এর অর্থ হবে শুয়ে ঘুমানো। ‘আয়িশাহ্ (রাঃ) রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ডান পাশে থেকে উত্তর দিকে সামনে আড়াআড়িভাবে ঘুমিয়ে থাকতেন যেমনটি জানাযার ক্ষেত্রে মৃত ব্যক্তিকে মুসল্লীর সামনে রাখা হয়। ইমাম বুখারী (রহঃ)-এর একটি রিওয়ায়াতের মধ্যে উল্লেখ আছে যে, ‘আয়িশাহ্ (রাঃ)-এর সামনে সালাত (সালাত/নামায/নামাজ) বাতিল হয়ে যায় এমন বিষয়ের আলোচনায় বলা হলো যে, মহিলা, কুকুর ও গাধা সম্মুখ দিয়ে অতিক্রম করলে সালাত বাতিল তথা বিচ্ছিন্ন হয়ে যাবে। তখন ‘আয়িশাহ্ (রাঃ) বলেন যে, তোমরা অবশ্য আমাদেরকে কুকুরের অন্তর্ভুক্ত করেছ। আরেক বর্ণনায় আছে যে, তোমরা আমাদেরকে কুকুরের সাথে সাদৃশ্য করেছো। আমি আল্লাহর শপথ করে বলছি যে, আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সালাত আদায় করতে দেখেছি এমতাবস্থায় আমি খাটের উপর তার ও ক্বিবলার মাঝে আড়াআড়ি হয়ে শুয়ে ঘুমিয়ে ছিলাম। এ

হাদীস দ্বারা বুঝা যায় যে, কেউ আড়াআড়ি শুয়ে থাকলে সালাত বাতিল হবে না।

এটাই জমহূর ইমামদের অভিমত অর্থাৎ- ইমাম আবূ হানীফাহ্, আবূ ইউসুফ, মুহাম্মাদ, শাফি‘ঈ, মালিক প্রমুখ ও অন্যান্য ফিকহবিদদের মতামত এই যে, সালাত আদায়কারী লোকের সম্মুখ দিয়ে যা কিছু অতিক্রম করুক না কেন তাতে সালাত নষ্ট হবে না। তবে ইমাম আহমাদ (রহঃ) বলেন যে, কালো কুকুর অতিক্রম করলে সালাত বিনষ্ট হয়ে যাবে। কিন্তু মহিলা ও গাধা অতিক্রম করাতে সালাত নষ্ট হবে কি হবে না তা নিয়ে আমি দ্বিধা-দ্বন্দ্বের মধ্যে আছি।

আহলে জাওয়াহিরগণ বলেন যে, মহিলা কুকুর ও গাধা সম্মুখ দিয়ে অতিক্রম করলে সালাত (সালাত/নামায/নামাজ) বাতিল হয়ে যাবে চাই সামনে থাকুক বা সামনে থেকে অতিক্রম করুক। আর এগুলো ছোট হোক বা বড় হোক জীবিত হোক বা মৃত হোক সকল অবস্থাতেই সালাত নষ্ট হবে। মহিলাদের ক্ষেত্রেও একই মত তবে মুমূর্ষু বা বেহুশ অবস্থায় থাকলে সালাত বিনষ্ট হবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55338

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন